

নির্বাহী প্রকৌশলীর কার্যালয় প্লট নং ২/এম এম আই এস বিমান-২, ঢাকা।			
স্মারক নং: ৬৬৬		তারিখ: ২০/০৩/২০২৩	
স্মারক নং: ৬৬৬		প্রকৌশলীর স্বাক্ষর: [স্বাক্ষর]	
স্মারক নং:	স্মারক প্র:	উ: বি: প্র:	নি: প্র:
			১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
হিসাব শাখা-১
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.১৩২.২১.২১৪

তারিখ: ৯ চৈত্র ১৪২৯

২৩ মার্চ ২০২৩

বিষয়: "বাংলাদেশ জাতীয় সংসদ ভবন, সংসদ সদস্য ভবন ও এমপি হোস্টেলসহ আনুষঙ্গিক স্থাপনার নির্মাণ ও আধুনিকায়ন" শীর্ষক অনুমোদিত প্রকল্প (প্রকল্প কোড-২২৪৩০৪৬০০) বাস্তবায়নের জন্য ২০২২-২০২৩ আর্থিক সালে আরএডিপি বরাদ্দ হতে ৩য় কিস্তিতে (অবশিষ্ট) ১৭৫৮.২৯ লক্ষ টাকা বরাদ্দ।

সূত্র: তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল-৩, ঢাকা ও প্রকল্প পরিচালক, বাংলাদেশ জাতীয় সংসদ ভবন, সংসদ সদস্য ভবন ও এমপি হোস্টেলসহ আনুষঙ্গিক স্থাপনার নির্মাণ ও আধুনিকায়ন শীর্ষক প্রকল্প, ঢাকার দপ্তর স্মারক নং-২৫.৩৬.২৬০০.১৩০.১৪.০১৪.২৩-১২৩২ তারিখ-১৬/০৩/২০২৩ খ্রি এর প্রেক্ষিতে।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজে চলতি ২০২২-২০২৩-আর্থিক সালে খরচ করার জন্য ৩য় কিস্তিতে (আংশিক) ১৭৫৮.২৯ লক্ষ (সতের কোটি আটাল্ল লক্ষ উনত্রিশ হাজার) টাকা মাত্র নিম্নবিভাজন মোতাবেক বরাদ্দ করা হলোঃ

গণপূর্ত সার্কেল	কোড নং ও বিবরণ	গণপূর্ত বিভাগ	আবর্তক	মূলধন	মোট
গণপূর্ত সার্কেল-৩, ঢাকা	৪১১১৩১৭-অন্যান্য ভবন ও অবকাঠামো	এসবি নগর গণপূর্ত বিভাগ-১, ঢাকা	--	৪৭১.২০ লক্ষ	৪৭১.২০ লক্ষ
গণপূর্ত ই/এম সার্কেল-৩, ঢাকা	৪১১১৩১৭-অন্যান্য ভবন ও অবকাঠামো	গণপূর্ত ই/এম বিভাগ-৭, ঢাকা	--	১২৮৭.০৯ লক্ষ	১২৮৭.০৯ লক্ষ
	মোট=		--	১৭৫৮.২৯ লক্ষ	১৭৫৮.২৯ লক্ষ

উক্ত খরচ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল-৩, ঢাকা ও প্রকল্প পরিচালক, বাংলাদেশ জাতীয় সংসদ ভবন, সংসদ সদস্য ভবন ও এমপি হোস্টেলসহ আনুষঙ্গিক স্থাপনার নির্মাণ ও আধুনিকায়ন শীর্ষক প্রকল্প, ঢাকার স্মারক নং-২৫.৩৬.২৬০০.১৩০.১৪.০১৪.২৩-১২৩২ তারিখ-১৬/০৩/২০২৩খ্রিঃ এর দ্বারা ছাড়কৃত ১৭৫৮.২৯ লক্ষ (সতের কোটি আটাল্ল লক্ষ উনত্রিশ হাজার) টাকা উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-২৯, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, হিসাবের কোড নং-৫-১৩২০৫-২২৪৩০৪৬০০-৪১১১৩১৭ ও ৪১১২৩০৩ খাতের ২০২২-২০২৩-আর্থিক সালের আরএডিপি মাধ্যমে বরাদ্দকৃত অর্থ হতে ব্যয় সংকুলান/বহন করতে হবে।

উক্ত অর্থ সরকারের সকল প্রকার আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে পালন পূর্বক খরচ করতঃ এ দপ্তরকে অবহিত করতে অনুরোধ করা যাচ্ছে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্ত সমূহ আবশ্যিকভাবে অনুসরণ করতে হবেঃ

- (১) বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ (সর্বশেষ সংশোধনীসহ) অনুসরণ সহ যাবতীয় আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে পালন করতে হবে।
- (২) বরাদ্দকৃত অর্থ অনুমোদিত ডিপিপি'র অঙ্গ ভিত্তিক বরাদ্দ অনুযায়ী ব্যয় করতে হবে।
- (৩) এ অর্থ হতে সিডি / ভ্যাট খাতে ব্যয় করা যাবে না।
- (৪) এ অর্থ ব্যয়/ কাজের বিল পরিশোধের ক্ষেত্রে কোন অনিয়ম উদ্ঘাটিত হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী দায়ী থাকবে।